যুগান্তর

তারিখ AUG 11 2006
পৃষ্ঠা ১ কলাম ৩

# নর্দার্ন ইউনিভার্সিটিতে শুরু হচ্ছে আইটি একাডেমিক কার্যক্রম

যুগান্তর রিপোর্ট

আগামী মাসের মাঝামাঝি বেসরকারি নর্দার্ন ইউনিভার্সিটিতে শুরু হচ্ছে মাইক্রোসফট আইটি একাডেমিক 'কার্যক্রম। অষ্টম শ্রেণী থেকে সর্বোচ্চ-পর্যায়ের শিক্ষার্থীরা এ ইউনিভার্সিটি থেকে আইটি প্রশিক্ষণ নিতে পারবে। প্রশিক্ষণ ব্যয় সহনীয় পর্যায়ে রাখা হবে।

বৃহস্পতিবার জাতীয় প্রেস ক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর মোহাম্মদ আলী এ কথা জানান। সংবাদ সম্মেলনে উপ-উপাচার্য প্রফেসর সৈয়দ রাশিদুল হাসান, কোষাধ্যক্ষ আবু বকর সিদ্দিক, আজহারউদ্দিন সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন।

জানানো হয়, মাইক্রোসফট নর্দার্ন ইউনিভার্সিটিকে আইটি প্রশিক্ষণ পরিচালনার কাজে সহায়তা করতে এগিয়ে এসেছে। 'পার্টনার্স ইন লার্নি' নামের এ প্রশিক্ষণ কোর্সটি বর্তমানে বিশ্বের ১০১টি দেশে পরিচালিত হচ্ছে। এ প্রশিক্ষণ কোর্স পরিচালনার উদ্দেশ্যে মাইক্রোসফট ও নর্দার্ন ইউনিভার্সিটির মধ্যে একটি সমঝোতা স্মারক চুক্তি হয়ে